Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রাত লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হ্যাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক।
নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।
রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)

৪১শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১০ই কার্ত্তিক বুধবার ১৩৬১ ইংরাজী 27th Oct. 1954 | ২৪শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. SERVICE

**অগ্রগতির পথে নূতন পদক্ষেপ**

হিন্দুস্থান তাহার যাত্রাপথে প্রতি বৎসর নূতন নূতন সাফল্য, শক্তি ও সমৃদ্ধির গৌরবে দ্রুত অগ্রসর হইয়া চলিয়াছে।

নূতন বীমা (১৯৫৩)

**১৮ কোটি ৮৯ লক্ষের উপর**

হিন্দুস্থানের উপর জনসাধারণের অবিচলিত আস্থার উজ্জ্বল নিদর্শন।

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে

পূর্ব্ব বৎসর অপেক্ষা **২ কোটি ৪২ লক্ষ বৃদ্ধি**

সমসাময়িক তুলনায় সর্ব্বাধিক

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা—১৩

শাখা অফিস ঃ ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে

### এ ব্যাগ কাহার ?

গত ২০শে অক্টোবর বৈকালের আপ ট্রেনে একটী কাপড়ের ব্যাগ পাইয়াছি। উহা জঙ্গিপুর রোড ষ্টেশনের ষ্টেশন মাষ্টারের নিকট গচ্ছিত আছে। উক্ত ব্যাগের মালিক প্রমাণ দিয়া উহা লইয়া যাইবেন।

শ্রীহরিহর পূততুণ্ড

জঙ্গিপুর রোড ট্রাক্টার ক্যাম্প।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১০ই কার্ত্তিক বুধবার সন ১৩৬১ সাল।

## বুক ফাটা খবর

ভারতের খাদ্য ও কৃষিমন্ত্রী জনাব রফি আমেদ কিদোয়াই যিনি দেশের এগারো বৎসরের আপদ ও দুরারোগ্য ব্যাধি "খাদ্যনিয়ন্ত্রণ" একদিনের ঘোষণায় নিরাময় করিয়া ভারতের "অন্নের কাঙাল" জনগণের আন্তরিক ধন্যবাদের অধিকারী হইয়াছিলেন, গত রবিবার রাত্রি ৮টা ১৫ মিনিটের সময়, রোগ নাই, ব্যাধি নাই, সুস্থ শরীরে দিল্লীর গান্ধী ময়দানে কংগ্রেস কর্ত্তৃক আহূত এক সভায় বক্তৃতা করিতে করিতে হঠাৎ হৃদ্‌রোগে আক্রান্ত হইয়া ইহধাম ত্যাগ করিয়াছেন। মোটা টাকা যে কাজে আয় হয়, এবং ব্যক্তিগত স্বার্থ যেখানে পরার্থকে পরাস্ত করে, কিদোয়াই সাহেব সেখানে অনির্ব্বচনীয় দৃঢ়তা দেখাইয়া গিয়াছেন। কংগ্রেস শাসনের বিশৃঙ্খলা উপলব্ধি করিয়া ইনি একদিন কংগ্রেস দল পরিত্যাগ করিতেও পশ্চাৎপদ হন নাই। স্বাধীন ভারতে প্রথম মন্ত্রিসভায় ইনি প্রধান মন্ত্রী জহরলাল নেহেরু কর্ত্তৃক যোগাযোগ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী নিযুক্ত হন। ১৯৫১ খৃষ্টাব্দে কিদোয়াই সাহেব আচার্য্য কৃপালনীর সহিত কিষাণ-মজদুর-প্রজা দলে যোগদান করেন। পরে জহরলালজীর সনির্ব্বন্ধ অনুরোধে ফিরিয়া আসেন এবং মন্ত্রিসভায় যোগদান করেন। যোগাযোগ দপ্তরে মন্ত্রী থাকা কালীন ডাক ও তার বিভাগের রবিবারে ছুটি ইনিই প্রবর্ত্তন করিয়া সমস্ত বিভাগীয় কর্ম্মচারিবৃন্দের হৃদয়ের ধন্যবাদের অধিকারী হইয়াছিলেন। সাধারণ নির্ব্বাচনের পর খাদ্য ও কৃষি দপ্তরের মন্ত্রী হইয়া কণ্ট্রোল কণ্টক উৎপাটন করিয়া যে আশীর্ব্বাদ লাভ করিয়াছেন, তাহা বলিয়া শেষ করা যায় না। কণ্ট্রোল কণ্টক যতদিন ছিল, ভিক্ষুক ভিক্ষার ঝোলা লইয়া নিরাপদে চলিতে পারে নাই। স্বজন স্বজনের অন্নের অভাবে তার নিজের খাদ্য আত্মীয়ের বাড়ীতে দিবার অধিকার হারাইয়াছিল। মাতৃ পিতৃ শ্রাদ্ধে লোক-জনকে অন্নদান করা অপরাধ হইয়া দাঁড়াইয়াছিল। যোগাযোগ দপ্তরই বলুন আর অন্ন দপ্তরই বলুন সরকারী রিপোর্টে সম্পূর্ণ বিশ্বাস না করিয়া ডাকঘরে কাউণ্টারের সারিতে দাঁড়াইয়া চেয়ারের জুলুম গোপনে পরিদর্শন করিয়া তবে ছাড়িয়াছেন। রেশনের দোকানে, গমের আড়তে ছদ্মবেশে গিয়া প্রকৃত তথ্য আবিষ্কার করিয়া তবে পরিতৃপ্ত হইতেন। আজ ভারতমাতা তাঁহার এমন একটি সেবক সন্তান হারাইলেন। জহরলালজীও এমন সহকর্ম্মী আর পাইবেন কিনা সন্দেহ। দিল্লীর সভায় তাঁহার বক্তৃতার শেষ কথা "ম্যয় ফির আউঙ্গা"—আমি আবার আসিব। আমরা তাঁহার পরলোকগত মহদাত্মার উদ্দেশে মস্তক অবনত করিয়া অভিবাদন-সহ শ্রদ্ধা নিবেদন করিতেছি।

---

### বরুণ দেবের করুণ দৃষ্টি

গত রবিবার হইতেই আকাশে মেঘ দেখা যাইতেছিল। সোমবার ও মঙ্গলবার যে বৃষ্টি হইয়াছে তাহাতে হৈমন্তিক ধান্যের জলাভাব দূর হইয়াছে। বরুণদেবের সঙ্গে সঙ্গে পবনদেব যোগ দিয়া যে সব ধান গাছ খুব লম্বা হইয়া উঠিয়াছিল, তাহাদের পাতিত করিয়া ক্ষতি করিয়াছে।

---

## যার অঙ্গে ঘা,
## সে আপনি কাড়ে রা !

রঘুনাথগঞ্জের নির্দলীয় সাপ্তাহিক পত্রিকা 'ভারতীর' গত ১৩ই আশ্বিনের দ্বিতীয় বর্ষের ৫১ সংখ্যায় 'বর্ষশেষ' নামক সম্পাদকীয় প্রবন্ধে শেষ প্যারার পূর্ব্ব প্যারায় লিখিত হইয়াছে—

"এই প্রসঙ্গে আমরা দুঃখের সহিত উল্লেখ করিতেছি যে ভারতীর আত্মপ্রকাশের পর হইতেই আমাদের স্থানীয় সহযোগী অকারণে ইহার বিরুদ্ধে বিষোদ্গার করিয়া আসিতেছেন। এমন কি ভারতীর সহিত সংশ্লিষ্ট বা সহানুভূতিশীল ব্যক্তিদিগকেও অযথা রূঢ় ও শালীনতাবর্জ্জিত আঘাত করিয়া অপদস্ত (অপদস্থ ?) করিবার চেষ্টা করিতেছেন। সাংবাদিকতার নীতি হিসাবে আমরা এইরূপ বিদ্বেষ-প্রসূত বাদ-বিসম্বাদ পরিহার করিয়াই চলিতে চেষ্টা করিয়াছি এবং ভবিষ্যতেও আমাদের নীতির প্রতি অবিচলিত থাকিয়া সহযোগীর হৃদ্যতাপূর্ণ ও শিষ্ট আচরণই প্রত্যাশা করিব।"

"শালীনতা" মানে আমরা জানতাম না, চলন্তিকা খুলে দেখলাম, 'শালীন'—বিনীত, সলজ্জ। আমরা বুঝিয়াছিলাম যা, তার সঙ্গে অনেকটা মিলেছে। স্ত্রী এর ছোট ভগ্নী যেমন বড় ভগ্নীপতির পায়ের কাছে নতা অর্থাৎ প্রণতা হয় তেমনি হ'তে হবে, তা পারবো না। এখন দেখছি খুব কঠিন নয়। আমরা ভারতীর সম্পাদক মণ্ডলীর নিকট বিনীত ও সলজ্জভাবে জানাচ্ছি—তাঁহাদের সংশ্লিষ্ট ব্যক্তিদের মধ্যে সবচেয়ে পদস্থ ভারতীর আত্মপ্রকাশের দিনের পুরোহিত মহকুমা শাসক। সেদিন তাঁহার প্রতি যে শালীনতা দেখানো হয়েছিল, তাতে প্রধান অতিথি বাজপেয়ী মহাশয়ও স্থির থাকিতে পারেন নাই। 'বৃহস্পতিবারের বারবেলাও' রেহাই পাননি, তিনিও দোষী হইয়াছিলেন। সে পুরোহিতকে যাঁরা কি একটা ছায়াবাজীর লাইসেন্সের ব্যাপারের পর অপদস্থ করার জন্য কত রকম কায়দা করেছিলেন সে সব কি বেশ হৃদ্যতাপূর্ণ ? শালীনতার এই নমুনা হ'লে আমরা খুব সহযোগিতা করতে পারবো।

আমরা ভারতীর সম্পাদকবর্গের, পাঠকগণের এবং সংশ্লিষ্ট ও সহানুভূতিসম্পন্ন ব্যক্তিগণের নিকট বিনীত সলজ্জ অনুরোধ করি—ভারতী দুই বৎসর বয়স অতিক্রম করিয়া ৩য় বর্ষে ১ম সংখ্যায় যে 'বর্ষারম্ভ' শীর্ষক সম্পাদকীয় বক্ষে ধারণ করিয়া প্রকাশিতা হইয়াছেন, সেই প্রবন্ধটি একবার মনো-যোগের সহিত নিরীক্ষণ করুন। এই সংখ্যা বোধ

হয় গোড়া হইতে গণিলে ১০৪র্থ সংখ্যা হইবে। দেখিবেন—(১) ১ম লাইনে **পদার্পন,** (২) ৩য় লাইনে **শুভচ্ছো,** (৩) ২৯শ লাইনে **দূর্নীতি,** (৪) ৪৩শ লাইনে **হইয়া,** (খাইয়া?), (৫) ৪৫শ লাইনে **ভুস্বামিগন,** (৬) ৪৬শ লাইনে **শুনিতেছে,** (৭) ৪৬শ লাইনে **যুগোপযেগী,** (৮) ৪৮শ লাইনে **আত্মসমর্পন,** (৯, ১০) ৫০শ লাইনে **দূর্নীতি-পরায়ন,** (১১) ৫৭শ লাইনে **ভুষিত,** (১২) ৬৩শ লাইনে **দূর্বলতার,** (১৩) ৭২তম লাইনে **মুখপত্র** শব্দগুলি ভারতীর নির্ম্মল শুভ্র অঙ্গে বিস্ফোটকের মত যন্ত্রণাদায়ক হইয়া বিরাজ করিতেছে। "স্থানীয় সহযোগী অকারণে ইহার (ভারতীর) বিরুদ্ধে বিষোদ্গার করিয়া কি তাঁহার অমল ধবল অঙ্গে এই অমার্জ্জনীয় ভ্রান্তি-বিস্ফোটকের কারণ হইয়াছে?

১০৪ সপ্তাহ কাগজ চালানর পরও যদি সম্পাদকীয় স্তম্ভে প্রবন্ধের দশা এই প্রকার হয়, আর ইহাই যদি আঞ্চলিক মুখপত্র হয়, তার সাংবাদিক নীতি যদি ইহাই হয়, আর এই নীতির প্রতি অবিচলিত থাকাই স্থির হয়, তবে "দেশের ও দশের মঙ্গল" বেশী দূরে নয়।

বিদ্যালয় সমূহের বাৎসরিক ও ফাইনাল পরীক্ষার দিন বেশী দূরে নাই। কোমলমতি ছাত্রগণ যদি তাহাদের শিক্ষাদাতাদের নাম আছে দেখিয়া ছাপার অক্ষরে লেখা ভুল বানানকে ঠিক মনে করে, তবে বিষোদ্গার পাপে পাপী আমরাই হইব কি?

সম্পাদক মণ্ডলীর পক্ষে যিনি মণ্ডলী করেন, তিনি কি বুঝিতে পারিতেছেন—নির্জলীয় (নির্জল) দধি-দুগ্ধের ব্যবসায় যত সোজা, নির্দলীয় খবরের কাগজের ব্যবসায় তত সোজা নয়।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### *নিলামের দিন ৮ই নভেম্বর ১৯৫৪*

১৯৫৪ সালের ডিক্রীজারী

২৪৪ থাং ডিঃ বাঁশরীমোহন সেন দিং দেং সুরত মোল্লা দিং দাবি ৪৩/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাড়ালা ১-২১ শতকের কাত ৫।৵১০ আঃ ৩০৲ থং ৩৫৭

২৫৫ থাং ডিঃ ঐ দেং পশুপতি চট্টোপাধ্যায় দাবি ৫৪॥৯ মৌজাদি ঐ ২-৩১ শতকের কাত ৮৵০ থং ৪৬৮/৫২

২৪৬ থাং ডিঃ ঐ দেং শ্রীচরণ ঘোষ দিং দাবি ৩৩॥০ মৌজাদি ঐ ৮৪ শতকের কাত ৩৸৶১১ আঃ ২০৲ থং ২১৩

২৫৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬১॥/৩ মৌজাদি ঐ ১-৭৭ শতকের কাত ৯৲২ পাই আঃ ৪৫৲ থং ৬৬৬

৪২৮ থাং ডিঃ ঐ দেং দামোদর দাস দিং দাবি ৩৬৸৶৯ মৌজাদি ঐ ১-৪৭ শতকের কাত ৪।৶৮ পাই আঃ ৩০৲ থং ১৪০৬

৪২৯ থাং ডিঃ ঐ দেং ননীবালা দেবী দিং দাবি ৪৭৸৶৬ মৌজাদি ঐ ১-১৪ শতকের কাত ৬৸৬ আঃ ৪৫৲ থং ৬৯৬, ৬৯৮, ৬৯৯

৪৩০ থাং ডিঃ ঐ দেং দক্ষিণাপদ বন্দ্যোপাধ্যায় দিং দাবি ৬৩॥০ মৌজাদি ঐ ২-১১ শতকের কাত ৯৵৩ আঃ ৫৫৲ থং ২১৮, ৮৬২, ১৩৮৩

২৪৫ থাং ডিঃ ঐ দেং হরিহর ঘোষাল দিং দাবি ১৯৸৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ৫০ শতকের কাত ১৸৮ গণ্ডা আঃ ১০৲ থং ৫৮৪

৪২৭ থাং ডিঃ ঐ দেং সাওকাত আলি সেথ দিং দাবি ১০৯৸৯ মৌজাদি ঐ ৪-৫৯ শতকের কাত ১০॥১১ পাই আঃ ৯৫ থং ৬০২

৪২৬ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ দাস দিং দাবি ৪১॥/০ থানা ঐ মৌজে শিমলা ৬৯ শতকের কাত ৫৶৬ আঃ ৩৫৲ থং ৭৭

১৯২ থাং ডিঃ একজিকিউটরস্ কুমার জ্ঞানেন্দ্র নারায়ণ সিংহ দিং দেং মাদারবকস সেথ দিং দাবি ১১৭॥/০ থানা স্তুতি মৌজে ভেলিয়ান ৭-৫৪ শতকের কাত ১৭৶০ আঃ ১০০৲ থং ১০৫

৩৭ থাং ডিঃ সৈয়দ মোহসেন আলি মিঞা দিং দেং সত্যেন্দ্রনাথ দাস দিং দাবি ২৫২৸৵০ থানা স্তুতি মৌজে হারুয়া ২৪ ৯৩ শতকের কাত ৪৪॥৶৪ আঃ ৫০০৲ থং ২২৭

২৩৬ থাং ডিঃ ঐ দেং রমণীরঞ্জন দাস দিং দাবি ২৭৭৸৶৬ থানা স্তুতি মৌজে হিলোড়া ২৭-৪৪ শতকের কাত ৫০॥৭ আঃ ১০০৲ থং ৩১৬

৫০৮ থাং ডিঃ বালিঘাটা ওয়াকফ ষ্টেটের মাতয়ালি আবুল হোসেন মহাম্মদ কলিমুল্লাহ দেং করুণাময়ী দাসী দাবি ১৯৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে খিদিরপুর ৯৪ শতকের কাত ৩॥০ আঃ ১০৲ থং ৪, ৫, ৭, ৫২

২৫ অন্য ডিঃ তরিকুল্লা বিশ্বাস দিং দেং আকিমন বিবি দিং দাবি ২২॥৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে ডুবড়া ৩৬ শতকের কাত পড়তামত ১৶৩ আঃ ৩০৲ থং ২৯৬

## *চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত*

### *নিলামের দিন ১৫ই নভেম্বর ১৯৫৪*

১৯৫৪ সালের ডিক্রীজারী

১৯৯ থাং ডিঃ নারায়ণচন্দ্র মুখোপাধ্যায় দিং দেং বিন্দুবাসিনী দাসী দাবি ২৪।৶৯ থানা সাগরদীঘি মৌজে কিঃ নিম্পিবিরল ২৯ শতকের কাত ২॥০ আঃ ১০৲ থং ৬৩

২২৬ থাং ডিঃ রণেন্দ্রনারায়ণ বাগচী কমন ম্যানেজার দেং গুরুপদ মণ্ডল দিং দাবি ৬০৸৵০ থানা সাগরদীঘি মৌজে নানচ ৯-৬৪ শতকের কাত ১০৸৵৬ আঃ ৫৫ থং ৫৭

২৭২ থাং ডিঃ মনোরঞ্জন সেন দিং দেং একড়িবালা দাসী দাবি ৯৭॥/০ থানা সাগরদীঘি মৌজে চোরদীঘি ২-৯৪ শতকের কাত ১৫॥৵৬ আঃ ২৫৲ থং ৯৬ স্থিতিবান স্বত্ব।

২৪৯ থাং ডিঃ কমন ম্যানেজার মনোরঞ্জন সেন দিং দেং আবুল মণ্ডল দাবি ১৮১।৵৩ মৌজাদি ঐ ৪-৫০ শতকের কাত ৩০/৩ আঃ ৩০৲ থং ১১

২০৩ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দেং রহমান বিশ্বাস দিং দাবি ৩৫।৵০ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ১-৩৫ শতকের কাত ৪॥৶৬ আঃ ২৫৲ থং ২৮

৯৮ থাং ডিঃ হাজি ঈদৃশ মহম্মদ মিঞা দিং দেং মুক্তোল হোসেন দিং দাবি ৪৮।৵০ থানা সাগরদীঘি মৌজে ভিঙ্গালী ৩-৩৯ শতকের কাত ৬৸৵৩ আঃ ৩৫৲ থং ৫৪ রায়ত স্থিতিবান

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত


### *নিলামের দিন ১৩ই ডিসেম্বর ১৯৫৪*

১৯৫৪ সালের ডিক্রীজারী

৪৩১ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং জ্যোৎস্নাময়ী দেবী দিং দাবি ১০৮৸৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে আমগাছি ৫-৮০ শতকের কাত ২০॥৵০ আঃ ৪০৲ থং ৭৮

৫২৫ থাং ডিঃ সেবাইত পূর্ণচন্দ্র গোস্বামী দেং এজাহার সেথ দাবি ১২৸৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামচন্দ্রবাটী ৩৮ শতকের কাত ॥৶৯ আঃ ৫৲ থং ৮৫১ রায়ত স্থিতিবান।

---




## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৫১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১/০ এক টাকা এক আনা।

সোল এজেণ্ট ঃ—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডিত কর্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত